



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

Website: www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৭

০৯ শ্রাবণ ১৪৩২

তারিখ:

২৪ জুলাই ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতা শনাক্তকরণ ও চূড়ান্তকরণ এবং তাদের বিরুদ্ধে গৃহীতব্য ব্যবস্থা প্রসঙ্গে।

১। শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত ডিএফআইএম সার্কুলার নং-০৪, তারিখ-০৩ এপ্রিল, ২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতা শনাক্তকরণ ও চূড়ান্তকরণ এবং তাদের বিরুদ্ধে গৃহীতব্য ব্যবস্থা ও রিপোর্টিং বিষয়ে অনুসরণীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এক্ষেপে, ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতা সংক্রান্ত রিপোর্টিং অধিকতর কার্যকরী করার নিমিত্ত উক্ত সার্কুলারের অনুচ্ছেদ ৮ এর রিপোর্টিং অংশটি নিম্নরূপে প্রতিস্থাপন করা হলোঃ

“৮। রিপোর্টিংঃ

- (১) ফাইন্যান্স কোম্পানি কর্তৃক ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতা শনাক্ত ও চূড়ান্তকরণের পর এ সংক্রান্ত তথ্য বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি)-তে রিপোর্ট করতে হবে। ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতাকে সিআইবিতে WD (Willful Defaulter) হিসেবে প্রদর্শন করতে হবে। এছাড়া, ফাইন্যান্স কোম্পানি কর্তৃক ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতা হিসেবে চূড়ান্তকৃত গ্রাহককে এতদ্বিষয়ে পত্র প্রেরণকালে উক্ত পত্রের অনুলিপি সংযোজনী-‘খ’ মোতাবেক যাচিত তথ্যসহ ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি)-কে সরবরাহ করতে হবে;
- (২) ফাইন্যান্স কোম্পানি কর্তৃক ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতার ক্রমপুঞ্জীভূত তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে বিবরণী আকারে (সংযোজনী-‘গ’ মোতাবেক) প্রতি ত্রৈমাস অস্তে পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ ও ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি) এর নিকট দাখিল করতে হবে এবং এতদসংক্রান্ত যাবতীয় দলিলাদিসহ হালনাগাদ বিবরণী বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলের চাহিদা মোতাবেক উপস্থাপন করতে হবে; এবং
- (৩) ফাইন্যান্স কোম্পানি কর্তৃক ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতা শনাক্তকরণ ইউনিট এর হালনাগাদ তথ্য (সদস্যের নাম, মোবাইল নাম্বার এবং ই-মেইল এড্রেস) এবং যে কোনো পরিবর্তন ৭ (সাত) দিনের মধ্যে আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগকে অবহিত করতে হবে।”

৩। ডিএফআইএম সার্কুলার নং-০৪/২০২৪ এর সাথে সংযুক্ত সংযোজনী-খ এই সার্কুলার লেটার দ্বারা রহিত করা হলো এবং এতদ্ব্যতীত উক্ত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

৪। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৩০(৬) ধারা এবং ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক

আপনাদের বিশ্বস্ত,

গৌতম কুমার ঘোষ
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮

চূড়ান্তকৃত ইচ্ছাকৃত খেলাপী ঋণ সংক্রান্ত তথ্য

ফাইন্যান্স কোম্পানির নামঃ

(ক) ব্যক্তির ক্ষেত্রেঃ

ক্রম	ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতার নাম (ব্যক্তি)	FI Subject Code	জাতীয় পরিচয়পত্র নম্বর (NID Number)	জন্ম তারিখ	ফাইন্যান্স কোম্পানির শাখার নাম	ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতা হিসেবে চূড়ান্তকরণের তারিখ	FI Contract Code (s)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)

(খ) ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে (Proprietorship Concern):

ক্রম	ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতার নাম (প্রতিষ্ঠানের নাম)	FI Subject Code	স্বত্বাধিকারীর নাম	স্বত্বাধিকারীর জাতীয় পরিচয়পত্র নম্বর (NID Number)	স্বত্বাধিকারীর জন্ম তারিখ	ফাইন্যান্স কোম্পানির শাখার নাম	ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতা হিসেবে চূড়ান্তকরণের তারিখ	FI Contract Code (s)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)

(গ) কোম্পানি/প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

ক্রম	ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতার নাম (কোম্পানি/প্রতিষ্ঠানের নাম)	FI Subject Code	ফাইন্যান্স কোম্পানির শাখার নাম	ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতা হিসেবে চূড়ান্তকরণের তারিখ	FI Contract Code (s)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)

ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতা সংক্রান্ত ----- তারিখ ভিত্তিক ত্রৈমাসিক বিবরণী

ফাইন্যান্স কোম্পানির নামঃ

(ক) ফাইন্যান্স কোম্পানির মোট ইচ্ছাকৃত খেলাপী ঋণ সম্পর্কিত তথ্যাদি

সর্বশেষ ত্রৈমাসিকে চূড়ান্তকৃত ইচ্ছাকৃত খেলাপী ঋণ		মোট (ক্রমপুঞ্জীভূত) ইচ্ছাকৃত খেলাপী ঋণ	
গ্রাহক সংখ্যা	ঋণ স্থিতি	গ্রাহক সংখ্যা	ঋণ স্থিতি

(খ) ঋণগ্রহীতা ভিত্তিক ইচ্ছাকৃত খেলাপী ঋণ সম্পর্কিত তথ্যাদি

চূড়ান্তকরণের ধরণ	ক্রম	ইচ্ছাকৃত খেলাপী ঋণগ্রহীতা ব্যক্তি/ প্রতিষ্ঠান বা কোম্পানির নাম	ঋণ প্রদানকারী ফাইন্যান্স কোম্পানির শাখা	প্রতিষ্ঠানের ধরণ (বৃহৎ শিল্প, মাঝারি শিল্প, অন্যান্য)	ঋণের উৎপত্তিগত প্রকৃতি (চলমান, তলবী, মেয়াদি ইত্যাদি)	ইচ্ছাকৃত খেলাপী ঋণ স্থিতি (কোটি টাকায়)	ইচ্ছাকৃত খেলাপী হওয়ার কারণ (সংশ্লিষ্ট আকারে)	চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণকারী কর্তৃপক্ষ	মন্তব্য (ঋণ গ্রহীতার বিরুদ্ধে গৃহীত ব্যবস্থা, মামলা চলমান থাকলে ইত্যাদি)
সর্বশেষ ত্রৈমাসিকে নতুনভাবে চূড়ান্তকৃত ইচ্ছাকৃত খেলাপী ঋণ									
	উপমোট (১)								
সর্বশেষ ত্রৈমাসিকের পূর্ব পর্যন্ত চূড়ান্তকৃত ইচ্ছাকৃত খেলাপী ঋণ									
	উপমোট (২)								
মোট (১+২)									

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম:

পদবী:

মোবাইল ফোন নং:

ইমেইল: